কোটচাঁদপুরে মটর সাইকেলসহ চোর গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুর মটর সাইকেল চোর চক্রের এক সদস্যকে ধরে পুলিশে সৌপর্দ করলেন জনতা।

শনিবার রাতে কোটচাঁদপুরের গাবতলা পাড়া থেকে মোটরসাইকেল নিয়ে যাবার সময় ধরা পড়েন ওই চোর। পরে তাঁর স্বীকারাক্তি মোতাবেক অভিযান চালিয়ে নগদ টাকা,মটর সাইকেল ও চুরির কাজে ব্যবহারিত সরঞ্জামাদি উদ্ধার করেছেন পুলিশ।

জানা যায়,শনিবার রাত ৯ টার সময় কোটচাঁদপুরের গাবতলা পাড়ার শাহিনের কালো রংয়ের পালসার মোটরসাইকেলটি নিয়ে যাবার সময় স্থানীয় জনতা তাকে ধাওয়া দেন। এ সময় সে মটর সাইকেল ফেলে রেখে পালানোর চেষ্টা করে।

স্থানীয় জনতা তাকে ধাওয়া দিয়ে ধরে ফেলেন। আটকৃতের নাম রাসেল হোসেন (২৬)। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার গোবরগাড়া গ্রামের আক্কাস আলীর ছেলে। এরপর তারা পুলিশে খবর দেন। এ খবরে পুলিশ তাকে উদ্ধার করে কোটচাঁদপুর থানায় নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করেন।

এ সময় রাসেল ওরফে শাহিন বলেন,আনিস আমার চাচাত ভাই। সে ঝিনাইদহের পাগলা কানা এলাকার সেকেন্দার মোল্ল্যার ছেলে। সে এ চোর চক্রের মূল হোতা। এ কাজের সঙ্গে অপু ও শামীম নামের আরো দুই জন ছিল।

পরে পুলিশ তাঁর স্বীকারোক্তি অনুযায়ী কোটচাঁদপুরের কাগমারি গ্রামে আনিসের শ্বশুর সিরাজুল ইসলামের বাড়িতে অভিযান চালান কোটচাঁদপুর থানার উপপরিদর্শক আয়ুব হোসেন।

এ সময় ১ টি ফোর ভি মোটরসাইকেল,নগদ ১ লাখ ১৭ হাজার টাকা ও চুরি করার কাজে ব্যবহারিত সরঞ্জামাদি উদ্ধার করেন।

উল্লেখ্য, গেল ১৪ আগষ্ট শনিবার রাতে পৌরসভার কাশিপুর গ্রামের ইসমাইল হোসেন বিশুর আলমসাধু চুরি করে পালাচ্ছিল চোর। ওইদিনও জনতার হাতে ধরা পড়েন আলমসাধু চোর। পরে পুলিশে সৌপর্দ করেন স্থানীয় জনতা।

এদিকে চোর চক্রের সদস্যরা ধরা পড়লেও মূল হোতারা রয়েছে ধরা

ছোয়ার বাইরে। এতে করে আতংক কাটছে না ভুক্তভোগীদের। পলাতকদের ধরে দ্রুত আইনের আওতায় আনতে সংশ্লিষ্টদের হস্তক্ষেপ কামনা করেছেন তারা।

এ ব্যাপারে কোটচাঁদপুর মডেল থানার ডিউটি উপপরিদর্শক কামরুজ্জামান জানান, ওই ঘটনায় এখনো পর্যন্ত কোন মামলা হয়নি। কি কি উদ্ধার হয়েছে, জানতে চাইলে তিনি বলেন,এ বিষয়ে আমি কিছু জানিনা। যিনি ধরেছেন তিনি বলতে পারবেন।

বাবার বাড়ি যাওয়া হলোনা সফেদার, পথেই হলেন লাশ

ভাস্তের বিয়ের জন্য বাবার বাড়ি যাচ্ছিলেন সফেদা খাতুন। তার আগেই পথেই হলো লাশ। বাবার বাড়ি যাওয়া হলোনা সফেদা খাতুনের(৫৫)।পথেই মোটরসাইকেল কেড়ে নিলে প্রাণ।

আজ রবিবার (১৪ আগষ্ট) সকালের দিকে গাংনী-হাটবোয়ালীয় সড়কের গোপালনগর বাজারের উপর চার রাস্তার মোড়ে রাস্তা পার হওয়ার সময় সফেদা খাতুনকে একটি মোটরসাইকেল চাপা দিলে মারাত্বক আহত হন তিনি। স্থানীয়রা আহত সফেদা খাতুনকে মূমূর্ষ অবস্থায় উদ্ধার করে প্রথমে গাংনী ও সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিলে বেলা ২ টার দিকে মারা যান তিনি।

নিহত সফেদা খাতুন গোপালনগর গ্রামের আব্দুর রহমানের স্ত্রী।

গোপালনগর গ্রামের সাবেক ইউপি মেম্বর আযাদ পারিবারিব সূত্রের বরাত দিয়ে বলেন, সফেদা খাতুনের ভাস্তের বিয়ে। সকালের দিকে উঠে তড়িঘড়ি করেই তার বাবার বাড়ি মেহেরপুর সদর উপজেলার মদনাডাঙ্গা গ্রামে যাচ্ছিলেন। নিহতের ছোট ছেলে সজিব হোসেন তাকে মোটরসাইকেলে করে গোপালনগর মোড়ে রেখে চলে যান। সফেদা খাতুন ভ্যানে চড়ার জন্য রাস্তা পার হচ্ছিলেন। এসময় একটি মোটরাসাইকেল তাকে চাপা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে মারাত্বক আহত হন তিনি। এসময় মোটরসাইকেল চালকও আহত হন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক পারিবারিক সূত্রের বরাত দিয়ে এ তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে মোটরসাইকেল সাথে গরুর ধাক্কায় একজন আহত

চলন্ত মোটরসাইকেলের সাথে গরুর ধাক্কায় আব্দুস সামাদ (৬৫) নামের এক ব্যক্তি আহত হয়েছে। আহত আব্দুস সামাদ মেহেরপুর সদর উপজেলার চাঁদাবিল গ্রামের মৃত রেজাউল হকের ছেলে।

শনিবার সন্ধ্যার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের শহরের গরু হাটের সামনে এ দুর্ঘটনা ঘটে। আহত আব্দুস সামাদ জানান, মোটরসাইকেল যোগে মেহেরপুরের দিকে আসার সময় একটি গরু হঠাৎ রাস্তা পার হওয়ার জন্য দ্রুত দৌড় দিলে মোটরসাইকেলের সাথে ধাক্কা লাগলে মোটরাসাইলে থেকে ছিটকে পড়ে আহত হই।

আব্দুস সামাদকে স্থানীয়রা আহত অবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন।
মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক জানান আহতের মাথা ও শরীরের বিভিন্ন স্থানে ক্ষত হয়েছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনা। স্বামী স্ত্রী বাঁচলেও মারা গেলো কুকুরটি

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের মদনাডাঙ্গা গ্রামে দ্রুতগামী মোটরসাইকেলের সাথে ধাক্কায় কুকুরের সংঘর্ষে রনি হোসেন ও

মূর্শেদা খাতুন নামের স্বামী স্ত্রী মারাত্বক আহত হয়েছেন। রনি হোসেনের বাড়ি গাংনী পৌরসভার শিশিরপাড়া এলাকায়।

বুধবার (৩ আগষ্ট) দিবাগত রাত সাড়ে ১০ টার দিকে সড়ক দূর্ঘটনার এ ঘটনাটি ঘটে।

আহত রনি ও তার স্ত্রী মূর্শেদা খাতুনকে আহতাবস্থায় স্থানীয়রা উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে। তবে দুর্ঘটনায় মোটরসাইকেলের দুই আরোহীর জীবন বাঁচলেও ঘটনাস্থলেই মারা যায় কুকুরটি।

আহত রনি জানান, মেহেরপুর থেকে গাংনীর দিকে যাওয়ার সময় মদনাডাঙ্গা নামক স্থানে একটি কুকুর দৌড়ে এসে মোটরসাইকেলের চাকার নিচে পড়ে। এতে আমরা দুজনেই রাস্তার উপর ছিটকে পড়ে মারাত্বক আহত হই।

মুজিবনগরে মোটরসাইকেল চুরির সময় চোর আটক

মুজিবনগরের মোনাখালি গ্রামের মনিরুল ইসলামের এপাচি আরটিআর মোটরসাইকেল চুরি করার সময় হাতেনাতে সাগর আহমেদ মিলু (২৮) নামের এক চোরকে আটক করা হয়েছে।

বুধবার বিকেলে মোনাখালী ইউনিয়নের মোনাখালী গ্রামের চারা তলার মাঠ থেকে তাকে আটক করা হয়। আটককৃত চোর সাগর আহমেদ (মিলু) চুয়াডাঙ্গা জেলার দামুড়াহুদা থানার ইব্রাহিমপুর গ্রামের আজিজুল হকের ছেলে। বর্তমানে মিলু দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার ভূমিহীন পাড়ায় বসবাস করে।

মটরসাইকেল মালিক মোনাখালি গ্রামের খেদের আলির ছেলে মনিরুল ইসলাম জনান, তিনি বুধবার বিকেলে গ্রামের চারা তলার মাঠে নিজের লিচু বাগানে মোটরসাইকেল রেখে পাশের জমিতে কাজ করছিলেন। কাজ শেষে এসে দেখেন মোটরসাইকেল নেই তিনি মটরসাইকেল টি খুজতে খুজতে রাস্তায় উঠে দেখতে পান একটি লোক তার গাড়ি ঠেলতে ঠেলতে আশরাফপুরের দিকে

যাচ্ছে। এ সময় তিনি দৌড়ে তাকে থামতে বলে।

এ সময় গাড়ি চোর গাড়ি ফেলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে আমার চিৎকারে আশেপাশের লোকজন তাকে ধরে ফেলে। পরে মুজিবনগর থানায় খবর দিলে পুলিশ এসে তাকে আটক করে মুজিবনগর থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদী রাসেল বিষয়টি নিশ্চিত করে বলেন, মোটরসাইকেল চুরির সময় আটককৃত চোর কে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে এবং তার বিরুদ্ধে চুরির মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে দুই বেপরোয়া গতির মোটরসাইকেল কেড়ে নিল কলেজ ছাত্রের প্রাণ

দুই মোটরসাইকেলের বেপরোয়া গতি কেড়ে নিলো কলেজ ছাত্র ইমন হোসেনের (২০) জীবন। এঘটনায় জুল হোসেন (২২) ও মিঠু (২২) নামের আরো দুই যুবক আহত হয়েছেন। আহতদের কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নিহত ইমন গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের বাসিন্দাপাড়া এলাকার ইসলাম আলীর ছেলে সে মেহেরপুর পৌর কলেজের একাদশ শ্রেনীর ছাত্র। আহতরা হলেন, গাঁড়াবাড়িয়া গ্রামের বাসিন্দাপাড়া এলাকার ইয়াসিন আলীর ছেলে জুল হোসেন (২২) ও মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামের মতলেব হোসেনের ছেলে শিলন (১৭)।

আহত শিলন কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী। বুধবার বিকাল সাড়ে ৫ টার সময় গাঁড়াবাড়িয়া-কাথুলি সড়কের জালালের পাকড়তলা নামক স্থানে বিপরীত থেকে আসা দ্রুতগামী দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে দুই মোটরসাইকেলের তিন আরোহী মারাত্বক আহত হয়।

আহতদের উদ্ধার করে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে

নেন। পরে তাদের অবস্থার অবনতি হলে তিনজনকেই কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার সময় মিরপুরের মধ্যে মারা যায় ইমন।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে স্থানীয় কাথুলি ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এ তথ্য নিশ্চিত করেছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, খবর পাওয়া গেছে। পুলিশের একটি টীম ঘটনাস্থলে যাচ্ছে।

গাংনীর সাহারবাটি গ্রামে দুটি মোটরসাইকেলের সংঘর্ষে আহত ১

গাংনী-কাথুলি সড়কের সাহারবাটি নাম স্থানে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ডাবলু হোসেন (৩৫) নামের একজন মারাত্বক আহত হয়েছেন। আহত ডাবলু হোসেন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের নাসির উদ্দীনের ছেলে।

আজ রবিবার (৩ জুলাই) দুপুরের দিকে সাহারবাটি গ্রামে এ দূর্ঘটনাটি ঘটে।

আহত ডাবলু গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

আহত ডাবলু জানান, মোটরসাইকেল যোগে সাহারবাটি চারচারা মোড়ের দিকে যাওয়ার সময় বিপরিত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সাথে মুখোমুখি ধাক্কা লেগে আমি রাস্তার উপর পড়ে যায়। এতে ডাবলুর মুখে এবং হাতে গুরুতর আঘাত লাগে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারী মেডিকেল অফিসার (স্যাকমো) তানভীর বলেন ডাবলুকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

কোটচাঁদপুর রথের মেলায় এসে খোয়া গেলো শখের মোটরসাইকেল

ঝিনাইদহ কোটচাঁদপুর রথের মেলায় বেড়াতে এসে এক যুবকের ১৫০ সিসির একটি পালসার মোটরসাইকেল চুরি হয়ে গেছে। শুক্রবার (১ জুলাই) বিকালে পৌর শহরের সলেমানপুর রথখোলা প্রাইমারী স্কুলের পিছন থেকে মোটরসাইকেলটি চুরি হয়ে যায়।ভুক্তভোগী যুবকের নাম মোঃ মেহেদি হাসান (১৯)।

তিনি জীবননগর উপজেলার মাধবপুর গ্রামের মোঃ জমির উদ্দীনের ছেলে। ভুক্তভোগী মেহেদী হাসান জানান, শুক্রবার বিকাল বেলা আমার দুই-বন্ধুর সাথে নিয়ে বাড়ি থেকে বের হই। কোটচাঁদপুর পৌর শহরের সলেমানপুর রথখোলার রথের মেলা দেখার উদ্দেশ্য এসেছিলাম।

মেলায় পৌঁছে মোটরসাইকেটি রথখোলার প্রাইমারী স্কুলের পিছনে রেখে তিন’বন্ধু মেলার ভেতরে প্রবেশ করি ।এর কিছু পরে বাইরে এসে দেখলাম আমার মোটরসাইকেলটি সেই স্হানে নেই। প্রায় তিন মাস আগে জীবননগর বাজারের একটি শোরুম থেকে মোটরসাইকেলটি কিনেছিলাম বলেও জানান তিনি।

তিনি আরো জানান আমার ব্যবহৃত পালসার ১৫০ সিসি কালো রংয়ের লাল বর্ডার,যাহার চ্যাসিস নং PSUAIICYXMTF21723,ইঞ্জিন নং DHXCMD28880 নতুন গাড়ী রেজিষ্ট্রেশন করা হয়নি।

এবিষয়ে কোটচাঁদপুর মডেল থানায় অভিযোগ দায়ের করেছেন বলে তিনি জানান।

মেহেরপুরে গরুর গাড়ির সাথে মোটরসাইকেলের ধাক্কা, দুজন আহত

মেহেরপুর সদর উপজেলার বারাদী-যতারপুর সড়কে গরুর গাড়ির সাথে মোটরসাইকেলের ধাক্কায় দুই জন আহত হয়েছেন।

আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার গোপালপুর গ্রামের মাঝপাড়া এলাকার মুকলেছুর রহমানের ছেলে তুর্য(১৭) ও আব্দুর রশিদের ছেলে লিখন হোসেন (২৫)।

আজ বৃহস্পতিবার (৩০ জুন) দুপুরের দিকে টুঙ্গি-গোপালপুরের গ্রামের মাঝ খানে এ দূর্ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত লিখন জানান, আমরা মোটরসাইকেল যোগে গোপালপুর থেকে টুঙ্গি যাচ্ছিলাম। গ্রামের মাঝ খানে পৌছানো মাত্র বিপরীত থেকে আসা একটি গরুর গাড়ির সাথে ধাক্কা লেগে পার্শ্ববর্তি খাদে পড়ে যায়।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে কর্তব্যরত সিনিয়র স্টাফ সবুজ আহমেদ জানান, আহতদের ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে তারা আশংকামুক্ত।

মেহেরপুরের ধলাই সড়ক দুর্ঘটনায় আহত -১

গাংনী উপজেলার রামকৃষ্ণপুর গ্রামে ধলার মোড়ে মোটরসাইকেলের ধাক্কায় হবিদেন নামের এক কৃষক আহত হয়েছেন।

আজ শনিবার বিকাল সাড়ে তিনটার দিকে এ ঘটনা ঘটে।

জানা যায়, মাঠ থেকে মহিষ চড়িয়ে বাড়ি ফেরার সময় এ দুর্ঘটনা ঘটে। আত্মীয়রা জানান, একটি মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে পাশ থেকে তাকে ধাক্কা দেয়।

দুর্ঘটনায় হবিদেন আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে। হবিদেন একজন মহিষ পালক ও কৃষক বলে জানা যায়। তিনি গাংনী উপজেলার রামকৃষ্ণপুর গ্রামের হযরত আলীর ছেলে।

তিনি এখন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।